



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ :

নং ১৫/২০২০

তারিখ : ২৭/০১/২০২০ খ্রিঃ।

রংপুর জেলা জজ আদালতের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির গত ২৬/০১/২০২০ খ্রিঃ তারিখের সুপারিশের আলোকে জনাব মোঃ হেলাল মিয়া, সেরেস্টাদার, যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, রংপুর-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪ তম গ্রেডঃ ১০,২০০---২৪,৬৮০/- টাকা বেতন স্কেলে জেলা জজ আদালতের “নাজির” এর শূণ্য পদে পদোন্নতি প্রদান করা হইল। জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এর ৮(খ) বিধি মোতাবেক তাহার এই পদোন্নতি ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিসকাল হিসাবে গণ্য করা হইবে। শিক্ষানবিসকালে সংশ্লিষ্ট কর্মচারীর কর্মদক্ষতা ও আচরণ সন্তোষজনক না হইলে বিধি মোতাবেক তাহাকে পূর্বপদে প্রত্যাবর্তন করা হইবে।

পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী নাজির পদে যোগদানের তারিখ হইতে ০৩ মাসের মধ্যে তাহাকে বিধি মোতাবেক জামানত হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নির্ধারিত সরকারী খাতে জমা প্রদান করিতে হইবে এবং ১৫০/- টাকা মূল্যে নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর ০২ জন স্থানীয় জামিনদার কর্তৃক স্বাক্ষরিত সমপরিমাণ ফিডিলিটি বন্ড দাখিল করিতে হইবে।

তাহাকে আগামী ২৮/০১/২০২০ খ্রিঃ তারিখ পূর্বাফে পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের নির্দেশ দেওয়া গেল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত/-
(রাশেদা সুলতানা)
সিনিয়র জেলা জজ
রংপুর।

তারিখ : ২৭/০১/২০২০ খ্রিঃ।

স্মারক নং : জেঃজঃরং ৩০(৮)/২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ১। বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ১ম আদালত, রংপুর।
- ২। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ) জেলা জজ আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
- ৩। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৫। জনাব মোঃ হেলাল মিয়া, সেরেস্টাদার, যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, রংপুর। তাহাকে সংশ্লিষ্ট আদালতের জ্যেষ্ঠ কর্মচারীর নিকট তাহার দায়িত্বভার অর্পণ করিয়া পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের নির্দেশ দেওয়া গেল।
- ৬। আদেশ বহি/অফিস ফাইল।

২৭/০১/২০২০
(রাশেদা সুলতানা)
সিনিয়র জেলা জজ
রংপুর।